SerenaMente

U Report by UNICEF



# বিদেশী অপ্রাপ্তবয়স্কদের জন্য

## কমিটির মতামত




# #1

## অপ্রাপ্তবয়স্কদের জন্য কমিটির 'মতামত' বলতে কী বোঝায়?

এই ক্ষেত্রে, এটি হলো বিদেশী অপ্রাপ্তবয়স্কদের জন্য কমিটির মতামত (ইতালীর একটি সরকারি প্রতিষ্ঠান যা বিদেশী সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্কদের সামাজিক অন্তর্ভুক্তি মূল্যায়ন করে)।

মতামতটি হলো এই কমিটির একটি মূল্যায়ন, অর্থাৎ, এতে একদল লোক একত্রিত হয়ে যাচাই করে দেখেন যে অপ্রাপ্তবয়স্ক একজন ছেলে/মেয়ে ইতালিতে ভালোভাবে তার জীবন শুরু করেছে কি না।





উদাহরণ :
সে কি স্কুলে গিয়েছে?
সে কি শিক্ষানবিশ হিসেবে কাজ করেছে?
সে কি ইতালির আইনকে সম্মান করেছে?
সে কি দেশের সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক জীবনে অংশগ্রহণের জন্য যথাসাধ্য চেষ্টা করেছে?

# #2

## এই মতামত কেন গুরুত্বপূর্ণ?

কোনো বিদেশী সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির বয়স ১৮ বছর হয়ে গেলে সে তার বসবাসের অনুমতিপত্রকে (অপ্রাপ্তবয়স্কদের জন্য) নিচের অনুমতিপত্রে পরিবর্তন করতে পারবে :

- একটি কাজের অনুমতিপত্রে
- একটি পড়াশোনার অনুমতিপত্রে,
- কর্মসংস্থানের জন্য অপেক্ষমান হিসাবে।

আবেদন করার সময় রাষ্ট্র তাদের অপ্রাপ্তবয়স্ক থাকা অবস্থায় জীবন পর্যালোচনা করে। কমিটি একটি আনুষ্ঠানিক মতামত প্রদান করে। অনুমতিপত্র পরিবর্তনের আবেদন করার সময় ইতালি রাষ্ট্র সেই ব্যক্তির অপ্রাপ্তবয়স্ক জীবনের পটভূমি পর্যালোচনা করে এবং কমিশন একটি আনুষ্ঠানিক মতামত দেয়।

যদি মতামত ইতিবাচক হয়, তাহলে Questura-কে (পুলিশ সদর দফতর) বসবাসের নতুন অনুমতিপত্র প্রদানের পরামর্শ দেওয়া হয়।

যদি নেতিবাচক হয় (উদাহরণস্বরূপ, যদি ব্যক্তি আইন ভঙ্গ করে, স্কুলে না যায়, বা সমাজের সঙ্গে মিশে যাওয়ার চেষ্টা না করে — অর্থাৎ ব্যক্তি যদি আইনের প্রতি শ্রদ্ধাশীল না হয়, কখনও স্কুলে না যায় বা অপরাধ করে থাকে), তাহলে নতুন অনুমতি পাওয়া আরও কঠিন হয়ে পড়ে।

# #3

## কোন অপ্রাপ্তবয়স্কদের এই মতামতের জন্য আবেদন করতে হয় না?

সকল অপ্রাপ্তবয়স্কদের ১৮ বছর বয়সে কমিটির মতামতের প্রয়োজন হয় না।
এখানে সেই ব্যক্তিদের তালিকা দেওয়া হলো যাদেরকে আবেদন করতে হবে না :

- যেসকল নাবালক ইতালিতে কমপক্ষে ৩ বছর ধরে আছে এবং কমপক্ষে ২ বছর ধরে কোনো সামাজিক ও নাগরিক সংহতি প্রকল্পের সাথে যুক্ত রয়েছে।
- নিকটাত্মীয়ের তত্ত্বাবধানে থাকা অপ্রাপ্তবয়স্ক (চতুর্থ ডিগ্রির আত্মীয় পর্যন্ত)।
- ১৮ বছর বয়সের পর যারা কিশোর আদালতের দ্বারা সুরক্ষিত।
- যেসব অপ্রাপ্তবয়স্কদের ইতিমধ্যেই আশ্রয়, সুরক্ষা কিংবা বিশেষ কারণে বসবাসের অনুমতিপত্র আছে।




#4

## মতামতের জন্য আবেদন করতে আমার কী কী ডকুমেন্টের প্রয়োজন?

এখানে প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা দেওয়া হলো :

পাসপোর্ট বা পরিচয়পত্রের অনুলিপি
বসবাসের অনুমতিপত্রের অনুলিপি
অভিভাবকত্বের রায় বা হেফাজতের আদেশের অনুলিপি
সামাজিক পরিষেবা থেকে একটি বিস্তারিত প্রতিবেদন





# #5

## ১৮ বছর হওয়ার পরেও আমি কেন আমার বসবাসের অনুমতিপত্রের নোটিশ পাইনি?

**পূর্বে :** উত্তর দেওয়ার জন্য কমিটির হাতে ২ মাস সময় ছিল। তারা উত্তর দিতে না পারলে Questura (পুলিশ সদর দফতর) অনুমতিপত্র দিতে পারত ("নীরবতা সম্মতির লক্ষণ")।

**বর্তমানে (Cutro আইনের পর) :**
কমিটির উত্তর দেওয়া বাধ্যতামূলক। Questura (পুলিশ সদর দফতর) অনুমতিপত্র জারি করার আগে আপনাকে তাদের উত্তরের জন্য অপেক্ষা করতে হবে।

# #6

## QUESTURA-তে (পুলিশ সদর দফতর) আমার অ্যাপয়েন্টমেন্ট কেন বিলম্বিত হচ্ছে? আমি কী করতে পারি?

**দেরি হওয়ার সাধারণ কারণগুলো হলো :**
· ডকুমেন্ট না থাকা (যেমন পাসপোর্ট)।
· আপনার স্কুল, কাজ, বা সামাজিক জীবন সম্পর্কে কমিটির আরও তথ্যের প্রয়োজন হলে।
· সামাজিক পরিষেবার ভুল বা বিলম্ব।

### আপনি কী করতে পারেন? 🤔

আপনার শিক্ষক, অভিভাবক এবং সমাজকর্মীর সাথে নিয়মিত যোগাযোগ রাখুন।

আপডেট জানতে চান, অনুপস্থিত ডকুমেন্ট খুঁজে পেতে সাহায্য চান এবং আপনার কেসের দিকে ভালোভাবে লক্ষ্য রাখুন।

# #7

## কমিটি যদি কয়েক মাসেও উত্তর না দেয়?

অনেকসময় এমন হতে পারে যে আপনি সবকিছু জমা দেওয়ার পরেও কমিটি কোনো উত্তর দিচ্ছে না।
২ মাস পর (মনে করিয়ে দেওয়া সত্ত্বেও কাজ না হলে) আপনি আপিল করতে পারবেন।

**কীভাবে?**

- একজন আইনজীবী কমিটিকে চিঠি লিখে জানাতে পারেন যে এই বিলম্ব গ্রহণযোগ্য নয়।
- এরপর আইনজীবী আঞ্চলিক প্রশাসনিক ট্রাইব্যুনালের (টিএআর) কাছে আপিল করতে পারেন।
- বিচারক তখন কমিটির উত্তরের জন্য অপেক্ষা না করেই আপনাকে অনুমতিপত্র দেওয়ার জন্য Questura-কে (পুলিশ সদর দফতর) নির্দেশ দিতে পারেন।
- এরপর আপনি বিচারকের সিদ্ধান্ত নিয়ে Questura-তে (পুলিশ সদর দফতর) যেতে পারেন।





# #8

## যদি কোনো ছেলে বা মেয়ের কাছে আইনজীবীকে দেওয়ার মতো টাকা না থাকে, তাহলে কী হবে?

এই পরিস্থিতিতে এটা জানা গুরুত্বপূর্ণ যে আইনি সহায়তা পাওয়ার ব্যবস্থা আছে।

যদি কোনো ব্যক্তির আইনি ফি মেটানোর মতো পর্যাপ্ত আয় বা কাজ না থাকে, তাহলে রাষ্ট্র কর্তৃক একজন আইনজীবীর খরচ প্রদান করা যেতে পারে।



# #9

## আমরা জানি, অপেক্ষা করা কতটা কঠিন।

আমরা জানি, অনুমতিপত্রের জন্য অপেক্ষা করা এবং কখনও কখনও অধিকারের জন্য লড়াই করা কতটা কঠিন।

যদি আপনি এমন পরিস্থিতিতে পড়েন, তাহলে আমাদের প্ল্যাটফর্মে আমাদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

আমাদের **HERE4U** নম্বরে আপনি আমাদের কাছে লিখতে পারেন :

**@ureportotm_bot**

**+39 320 248 0863**

**U-Report On The Move**

এই সেবা বিনামূল্যে পাওয়া যায় এবং বেনামী।

